

বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা।

বিষয়ঃ সেবা সহজিকরণ সম্পর্কিত পাইলটিং কার্যক্রম।

১। উদ্ভাবনের শিরোনাম: অনলাইন পেমেন্ট সিস্টেম-এর প্রবর্তন।

২। কীভাবে যাত্রা শুরু/পটভূমিঃ

বাকেশি'র উৎপাদিত পণ্য বিক্রয়ের ক্ষেত্রে পূর্বে চেক/ডিডি/পে-অর্ডার এর মাধ্যমে পেমেন্ট সংগ্রহের পর ক্রেতার অর্ডারকৃত পণ্য তৈরী করে সরবরাহ করার ব্যবস্থা প্রচলিত আছে।

এই প্রক্রিয়ায় পেমেন্ট কার্যক্রম সম্পন্ন হতে বেশ কিছু সময় লেগে যায় যা ক্রেতার জন্য বিরক্তির কারণ হয়ে দাঁড়ায়। তাৎক্ষণিক পেমেন্ট নিশ্চিত করতে ক্রেতা অনলাইন পেমেন্ট ব্যবস্থা চালু করার জন্য আগ্রহী হলেও বাকেশি'তে অনলাইন পেমেন্ট ব্যবস্থা প্রচলন না থাকায় জটিলতার সৃষ্টি হয় ও ক্রেতার আগ্রহ কম পরিলক্ষিত হয়।

এই প্রেক্ষাপটে সেবা সহজিকরণের জন্য ক্রেতার সুবিধার্থে অনলাইন পেমেন্ট ব্যবস্থা প্রবর্তনের প্রয়োজনীয়তা দেখা দেওয়ায় তা চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

বাকেশি'র কার্যক্রমে এই সেবা সহজিকরণ ব্যবস্থা চালু হলে ক্রেতার নিকট থেকে তাৎক্ষণিক পেমেন্ট পাওয়া ও সন্তুষ্টি অর্জনে নতুন দ্বার উন্মচিত হবে।

৩। পরিবর্তনের শুরুর কথা অথবা এই উদ্যোগ কী কী কল্যাণ বয়ে এনেছেঃ

এই উদ্যোগের ফলে তাৎক্ষণিক পেমেন্ট প্রাপ্তি নিশ্চিত হয়েছে এবং ক্রেতার পণ্য উৎপাদন ও সরবরাহ কার্যক্রম গতিশীল হয়েছে। একই সাথে সংশ্লিষ্ট সেবা অনেক সহজ হয়েছে।

৪। উপকারভোগী বা অংশীজনের প্রতিক্রিয়া/অনুভূতিঃ

এই উদ্যোগটি প্রতিষ্ঠানের পেমেন্ট গ্রহণ কার্যক্রমকে সহজ করেছে এবং ক্রেতার সন্তুষ্টি অর্জনে নতুন ক্ষেত্র সৃষ্টি হয়েছে।

৫। টিভিসি বিশ্লেষণঃ

(প্রতি লেনদেন হিসেবে)

	সময়	খরচ (টাকা)	যাতায়াত
আইডিয়া বাস্তবায়নের আগে	৫ দিন	৫০.০০	২-৩ বার
আইডিয়া বাস্তবায়নের পরে	১ দিন	০০.০০	০
আইডিয়া বাস্তবায়নের ফলে প্রত্যাশিত বেনিফিট	৪ দিন কমবে	৫০.০০ টাকা কমবে	২-৩ বার কমবে

৬। উদ্ভাবন ও বাস্তবায়ন টিমঃ

সদস্য/সদস্যদের নাম ও ঠিকানা
১। মোঃ মসলেম উদ্দীন, মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব), বাকেশি, খুলনা।
২। মোঃ এনামুল হক, উপ-মহাব্যবস্থাপক (উৎঃপরিঃ ও মাঃনিঃ), বাকেশি, খুলনা।
৩। এম. এম. মহিদুল ইসলাম, সহকারী ব্যবস্থাপক (সমন্বয়), বাকেশি, খুলনা।
৪। মোঃ মোজাহিদুর রহমান, সহকারী ব্যবস্থাপক (ভান্ডার), বাকেশি, খুলনা।
৫। মোঃ লিয়াকত উল্লাহ, লিয়াজো কর্মকর্তা, বাকেশি সিটি অফিস, ঢাকা।

